

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১১৭.২০১৩- ২৪৪

তারিখঃ ০৬.০৪.২০১৫

আদেশ

যেহেতু, ডাঃ মমতাজ বেগম (১১১২৫৪), মেডিকেল অফিসার ৫০০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মুগদা, ঢাকা (প্রাক্তন জুনিয়র কনসালটেন্ট, রেডিওলজি পদের বিপরীতে, সদর হাসপাতাল, লালমনিরহাট) গত ০১.০৪.২০১৩ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির' দায়ে ০২.০৯.২০১৩ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১১৭.২০১৩-৮৪৫নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় আনীত অভিযোগের বিষয় তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন যে, তিনি ০১.০৪.২০১৩ তারিখ হতে ১০.০৯.২০১৩ তারিখ পর্যন্ত অসুস্থতাজনিত কারণে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন এবং তার অসুস্থতার বিষয়ে কর্তৃপক্ষকে অবহিত করেছেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মমতাজ বেগম (১১১২৫৪), মেডিকেল অফিসার, ৫০০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মুগদা, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে তাকে ভবিষ্যতের জন্য সতর্কতার সাথে দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

অসুস্থতাজনিত কারণে তার গত ০১.০৪.২০১৩ হতে ১০.০৯.২০১৩তারিখ পর্যন্ত কর্মস্থলে উপস্থিতকালীন সময়কে প্রাপ্যতা সাপেক্ষে অর্জিত ছুটি মঞ্জুর করা হল।

(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১১৭.২০১৩-

তারিখঃ ০৬.০৪.২০১৫

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। পরিচালক, ৫০০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মুগদা, ঢাকা।
- ৪। উপ-সচিব (পার-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। ডাঃ মমতাজ বেগম (১১১২৫৪), মেডিকেল অফিসার ৫০০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মুগদা, ঢাকা।

(রেহানা ইয়াছমিন)
উপ-সচিব

ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা

www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৪২.২০১৫- ২৬৬

তারিখঃ ২১.০৫.২০১৫ খ্রিঃ

বিষয়ঃ ডাঃ মোঃ মিজানুর রহমান (৪৩৩১৮), সহকারী অধ্যাপক, হেমাটোলজি বিভাগ, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।


অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ মোঃ মিজানুর রহমান (৪৩৩১৮), সহকারী অধ্যাপক, হেমাটোলজি বিভাগ, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২৩.০১.২০১৪ তারিখের ৪৫.১৪৬.০০১.০০.০০.০২৩.২০১৩-৭৪নং স্মারক মোতাবেক ০৮.০২.২০১৪ তারিখ হতে অথবা ছুটি ভোগের তারিখ হতে ০২ মাসের মঞ্জুরিকৃত বহিঃবাংলাদেশ ছুটি ভোগ শেষে নির্ধারিত সময়ে কর্মস্থলে যোগদান না করে ২৩.০৪.২০১৪ তারিখ হতে ০৪.০৫.২০১৫ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

যেহেতু, আপনার উপরিলিখিত কার্যকলাপ শৃংখলা পরিপন্থী এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য;

এক্ষেণে সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত কোন দণ্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এ বিষয়ে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।


(বিমান কুমার সাহা এনজিসি)
অতিরিক্ত সচিব


ডাঃ মোঃ মিজানুর রহমান (৪৩৩১৮)
সহকারী অধ্যাপক (হেমাটোলজি বিভাগ)
বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৪২.২০১৫- ২৬৬/১৪৪

তারিখঃ ২১.০৫.২০১৪ খ্রিঃ

বিতরণঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস ডাটাসীটে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হল)।
- ৩। উপসচিব (পার-৫), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।



(আসমা তাসকিন)
উপ-সচিব

ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisc1@mohfw.gov.bd

অভিযোগ বিবরণী

ডাঃ মোঃ মিজানুর রহমান (৪৩৩১৮), সহকারী অধ্যাপক, হেমাটোলজি বিভাগ, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২৩.০১.২০১৪ তারিখের ৪৫.১৪৬.০০১.০০.০০.০২৩.২০১৩-৭৪নং স্মারক মোতাবেক ০৮.০২.২০১৪ তারিখ হতে অথবা ছুটি ভোগের তারিখ হতে ০২ মাসের মঞ্জুরিকৃত বহিঃবাংলাদেশ ছুটি ভোগ শেষে নির্ধারিত সময়ে কর্মস্থলে যোগদান না করে ২৩.০৪.২০১৪ তারিখ হতে ০৪.০৫.২০১৫ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। তাঁর উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য। তিনি তাঁর উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩ (বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।


(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৩১.২০১৫-২৫৪

তারিখঃ ২০৫.২০১৫ খ্রিঃ

বিষয়ঃ ডাঃ রিফাত রহিমা (১১০৪০১), মেডিকেল অফিসার, রক্ত পরিসঞ্চালন বিভাগ, ন্যাশনাল ইনস্টিটিউট অব কিডনী ডিজিজেস এন্ড ইউরোলজী, শেরেবাংলানগর, ঢাকা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।

অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ রিফাত রহিমা (১১০৪০১), মেডিকেল অফিসার, রক্ত পরিসঞ্চালন বিভাগ, ন্যাশনাল ইনস্টিটিউট অব কিডনী ডিজিজেস এন্ড ইউরোলজী, শেরেবাংলানগর, ঢাকা গত ৩১.০৭.২০১৪খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, আপনার উপরিলিখিত কার্যকলাপ শুংখলা পরিপন্থী এবং সরকারী কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত কোন দণ্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এ বিষয়ে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

ডাঃ রিফাত রহিমা (১১০৪০১)
মেডিকেল অফিসার (রক্ত পরিসঞ্চালন বিভাগ)
ন্যাশনাল ইনস্টিটিউট অব কিডনী ডিজিজেস এন্ড ইউরোলজী, শেরেবাংলানগর, ঢাকা।
(স্থায়ী ঠিকানা- ৭১৬/৭৭৭, জিইসি সার্কেল, ওয়ার নিজাম রোড, চট্টগ্রাম)।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৩১.২০১৫-২৫৪(২৫)

তারিখঃ ২০.০৫.২০১৪ খ্রিঃ

বিতরণঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস ডাটাশীটে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হল)।
- ৩। পরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব কিডনী ডিজিজেস এন্ড ইউরোলজী, শেরেবাংলানগর, ঢাকা।
- ৪। উপসচিব (পার-৫), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

(আসমা তাসকিন)


উপ-সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd

অভিযোগ বিবরণী

ডাঃ রিফাত রহিমা (১১০৪০১), মেডিকেল অফিসার, রক্ত পরিস্ফালন বিভাগ, ন্যাশনাল ইনস্টিটিউট অব কিডনী ডিজিজেস এন্ড ইউরোলজী, শেরেবাংলানগর, ঢাকা গত ৩১.০৭.২০১৪খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। তাঁর উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য। তিনি তাঁর উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩ (বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।


(বিমান কুমার সাহা এনডিও)
অতিরিক্ত সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৭৯.২০১৩- ২৬৬

তারিখঃ ২৪.০৫.২০১৫ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু, ডাঃ আবু হেনা মোস্তাফা কামাল আহমেদ (১১২৭৭৮), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, তাড়াইল, কিশোরগঞ্জ গত ০৭.০৮.২০১২ তারিখ হতে 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে ০৮.০১.২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১৭৯.২০১৪-১০নং স্মারকে বিভাগীয় মামলা বুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১৬.০২.২০১৪ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করে আনীত অভিযোগের বিষয় তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক অভিযোগ প্রমানিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ আবু হেনা মোস্তাফা কামাল আহমেদ (১১২৭৭৮), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, তাড়াইল, কিশোরগঞ্জ এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, তদন্তকারী কর্মকর্তার মতামত এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট)নিয়মিত চাকুরিতে যোগদানের তারিখ হতে পরবর্তী ০১(এক) বছরের জন্য স্থগিত করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না। তাঁর অননুমোদিত অনুপস্থিতকালীন সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৭৯.২০১৩-

২৬৬/১৬৬

তারিখঃ ২৪.০৫.২০১৫ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। সিভিল সার্জন, কিশোরগঞ্জ।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাড়াইল, কিশোরগঞ্জ।
- ৯। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, তাড়াইল, কিশোরগঞ্জ।
- ১০। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১১। ডাঃ আবু হেনা মোস্তাফা কামাল আহমেদ (১১২৭৭৮), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, তাড়াইল, কিশোরগঞ্জ।
(যোগাযোগ ঠিকানাঃ- ৪৩/এল, ইন্দিরা রোড, ঢাকা)

(আসমা তাসকিন)

উপ-সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd